গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

নম্বর : ৩৩.০২.০০০০.৩১১.২৫.০০৪.১০.৯১৪ তারিখ : ৩১/১০/২০২৪ খ্রি.

**বিষয়ঃ উপপরিচালকের কার্যালয়, মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা কর্তৃক জারীকৃত মৎস্য প্রক্রিয়াজাতকরন কারখানা/নন-প্যাকার মৎস্য রপ্তানিকারক/প্যাকিং সেন্টার/ সরবরাহকারী/ আড়তদার/ বরফ কল/ বায়িং এজেন্ট/হিমাগার এর লাইসেন্স ২০২৫ খ্রি: সালের জন্য নবায়ন করণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তর কর্তৃক আপনার প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৪ খ্রি: সালের জন্য লাইসেন্স জারী/ নবায়ন করা হয়েছে, যার মেয়াদ ৩১শে ডিসেম্বর/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত বলবৎ আছে। মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ) বিধিমালা ১৯৯৭ (সংশোধিত বিধিমালা ২০০৮, ২০১৪, ২০১৭) এর বিধি ১৪ এর উপবিধি খ (৪) মোতাবেক লাইসেন্সের মেয়াদ শেষ হওয়ার এক মাস পূর্বে অর্থাৎ ৩০ নভেম্বর/২০২৪ এর মধ্যে নবায়নকৃত ট্রেড লাইসেন্স ও ইআরসি এর ফটোকপি, মেয়াদ সম্বলিত প্যাকিং সেন্টার ভাড়ার চুক্তিপত্রের ফটোকপি এবং নন-প্যাকার রপ্তানিকারকের ক্ষেত্রে প্যাকার প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত মেয়াদ সম্বলিত চুক্তিপত্র সহ নবায়নের আবেদন করতে হবে। উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়নের জন্য আবেদন করতে ব্যর্থ হলে বিধি ১৪ এর উপ-বিধি (৫) মোতাবেক মূল লাইসেন্স ফি-এর শতকরা পঞ্চাশ ভাগ টাকা বিলম্ব ফিসহ বিধি-১৮ এর বিধান অনুসারে ফি প্রদান করে লাইসেন্স নবায়ন করা যাবে। উল্লেখ্য, লাইসেন্স নবায়নের আবেদন ও লাইসেন্স নবায়ন ফি এর কোড নং-১/৪৪৩১/০০০০/১৮৫৪ এবং লাইসেন্স নবায়নের আবেদন ও নবায়ন ফি এর ১৫% ভ্যাট-১/১১৩৩/সংশ্লিষ্ট কমিশনারেট কোড/০৩১১ নম্বরে অনলাইনে জমা দিতে হবে।

এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৪ খ্রি: সালে জারীকৃত/নবায়নকৃত লাইসেন্স বিধিমালা অনুসারে ২০২৫ খ্রি: সালের জন্য নবায়নের লক্ষ্যে ৩০ নভেম্বর/২০২৪ খ্রি: এর মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

৩১/১০/২০২৪

(মোঃ আহসান হাসিব খান)
উপপরিচালক
ফোন নম্বর : ০২-২২৩৩৫২১৫৩
ই-মেইল: ddfiqc@fisheries.gov.bd

..........................................
..........................................
..........................................

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, ঢাকা।
(মনোযোগঃ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ দপ্তর, মৎস্য ভবন, ঢাকা)।
২. উপপরিচালক, মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ, চট্রগ্রাম/খুলনা।
৩. বিভাগীয় উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা/সিলেট/ময়মনসিংহ।
৪. কমিশনার অব কাষ্টমস, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।
৫. কমিশনার অব সী কাষ্টমস, কাষ্টম হাউজ, চট্টগ্রাম/মংলা, খুলনা।
৬. জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা/চাঁদপুর/ব্রাক্ষনবাড়ীয়া/সিলেট/সুনামগঞ্জ/ময়মনসিংহ/মৌলভী বাজার/নারায়নগঞ্জ/হবিগঞ্জ।
৭. সহকারী কমিশনার অব কাষ্টমস, বেনাপোল স্থল বন্দর, শার্শা, যশোর/ চাতলাপুর স্থল বন্দর, মৌলভীবাজার /আখাউড়া, ব্রাক্ষনবাড়ীয়া। রপ্তানিকারক প্রতিষ্ঠানের মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত লাইসেন্স ২০২৫ খ্রি: সালে নবায়ন হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে মৎস্য পণ্যের ছাড়পত্র প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
৮. সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা, শার্শা, যশোর/কুলাউড়া, মৌলভীবাজার/আখাউড়া, ব্রাক্ষনবাড়ীয়া। রপ্তানিকারক প্রতিষ্ঠানের মৎস্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ব লাইসেন্স ২০২৪ খ্রি: সালে নবায়ন হয়েছে কিনা তা নিশ্চিত হয়ে মৎস্য পণ্যের ছাড়পত্র প্রদান করার জন্য অনুরোধ করা হলো।
৯. সুপারেনটেনডেন্ট অব কাষ্টমস (পণ্য রপ্তানি), কাষ্টমস হাউজ, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।
১০. প্রেসিডেন্ট, বাংলাদেশ হিমায়িত খাদ্য রপ্তানিকারক সমিতি, স্কাইলার্ক ভবন, ২৪/এ, বিজয়নগর, ঢাকা।
১১. প্রেসিডেন্ট, বাংলাদেশ লাইভ এন্ড চিল্ড ফুড এক্সপোর্টার্স এসোসিয়েশন, বাড়ী#৪১(এ/৪), সোনারগাঁও জনপথ, সেক্টর-১২, উত্তরা, ঢাকা।
১২. সভাপতি/সেক্রোটারী, মৎস্য আড়ত/বাজার সমিতি, ......................................................।
১৩. সংশ্লিষ্ট নথি।

৩১/১০/২০২৪
উপপরিচালক
ফোন নম্বর : ০২-২২৩৩৫২১৫৩
ই-মেইল: ddfiqc@fisheries.gov.bd

O/C